

■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৪৬৩৮

৬৫/ কুরআন মাজীদের তাফসীর (كتاب التفسير)

পরিচ্ছেদঃ ৬৫/৭/২. পরিচ্ছেদ নাই।

بَاب

আরবী

مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا سُفيَانُ عَنْ عَمْرِو بْنِ يَحْيَى الْمَازِنِيِّ عَنْ أَبِيهِ عَنْ أَبِيهِ سَعِيدٍ
الْخُدْرِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ جَاءَ رَجُلٌ مِنَ الْيَهُودِ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ
لُطِمَ وَجْهُهُ وَقَالَ يَا مُحَمَّدُ إِنَّ رَجُلًا مِنْ أَصْحَابِكَ مِنَ الْأَنْصَارِ لَطَمَ فِي وَجْهِيْ قَالَ
اَدْعُوكَ فَدَعَاهُ قَالَ لَمْ لَطَمْتَ وَجْهَهُ قَالَ يَا رَسُولَ اللَّهِ إِنِّي مَرَرْتُ بِالْيَهُودِ فَسَمِعْتُهُ يَقُولُ
وَالَّذِي اصْطَفَى مُوسَى عَلَى الْبَشَرِ فَقُلْتُ وَعَلَى مُحَمَّدٍ وَأَخْذَتِنِي غَنْبَةً فَلَطَمْتُهُ قَالَ لَا
تُخَيِّرُونِي مِنْ بَيْنِ الْأَنْبِيَاءِ فَإِنَّ النَّاسَ يَصْنَعُونَ يَوْمَ الْقِيَامَةِ فَأَكُونُ أَوَّلَ مَنْ يُفْيِقُ فَإِذَا أَنَا
بِمُوسَى أَخِذُ بِقَائِمَةِ مِنْ قَوَائِمِ الْعَرْشِ فَلَا أَدْرِي أَفَاقَ قَبْلِيْ أَمْ جُزِيَ بِصَعْقَةِ الطُّورِ

বাংলা

(وَلَمَّا جَاءَ مُوسَى لِمِيقَاتِنَا وَكَلَّمَهُ "رَبِّهِ" لَا قَالَ رَبِّ أَرِنِيَّا نَظُرٌ إِلَيْكَ طَقَالَ لَنْ تَرَنِيْ وَلَكِنْ انْظُرْ إِلَى الْجَبَلِ فَإِنْ
اسْتَقَرَ مَكَانَهُ" فَسَوْفَ تَرَنِيْ جَ فَلَمَّا تَجَلَّى رَبِّهِ "لِلْجَبَلِ جَعَلَهُ" دَكَّا وَخَرَّ مُوسَى صَعِقًا جَ فَلَمَّا أَفَاقَ قَالَ سُبْحَنَكَ
تُبْتُ إِلَيْكَ وَأَنَا أَوَّلُ الْمُؤْمِنِينَ)

"তারপর মূসা যখন আমার নির্ধারিত সময়ে এসে হাজির হল এবং তার সঙ্গে তার রব কথা বললেন, তখন সে
বলল-হে আমার রব! আমাকে আপনার দর্শন দিন, যেন আমি আপনাকে দেখতে পাই। তিনি বললেন-তুমি
আমাকে কিছুতেই দেখতে পাবে না। তবে তুমি এ পর্বতের দিকে দৃষ্টিপাত কর, যদি তা স্থানে স্থির থাকে তাহলে
তুমি আমাকে দেখতে পাবে। তারপর যখন তার রব পর্বতের উপর জ্যোতির বিকাশ ঘটালেন তখন তা পর্বতটিকে
চূর্ণ-বিচূর্ণ করে ফেলল এবং মূসা অঙ্গান হয়ে পড়ে গেল। যখন সে জ্ঞান ফিরে পেল তখন বললঃ আপনি পবিত্র
মহান, আমি আপনার কাছে তওবা করছি এবং মুমিনদের মধ্যে আমিই প্রথম।" (সূরাহ আল-আরাফ ৭/১৪৩)

قَالَ ابْنُ عَبَّاسٍ (أَرِنِيْ) أَعْطِنِي.

ইবনু 'আরবাস (রাঃ) বলেন, أَرْنَيْ—আমাকে দেখা দাও।

৪৬৩৮. আবু সাইদ খুদরী (রাঃ) বলেছেন যে, এক ইয়াহুদী নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর নিকটে উপস্থিত হল। তার মুখমণ্ডল চে চপেটাঘাত খেয়ে সে বলল, হে মুহাম্মাদ! আপনার এক আনসারী সাহাবী আমার মুখমণ্ডল চে চপেটাঘাত করেছে। তিনি বললেন, তাকে ডেকে আন। তারা ওকে ডেকে আনল, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বললেন, "একে চপেটাঘাত করেছে কেন?" সে বলল, হে আল্লাহর রাসূল! আমি এই ইয়াহুদীর পার্শ্ব দিয়ে অতিক্রম করছিলাম। তখন শুনলাম সে বলছে তাঁরই শপথ যিনি মুসা (আঃ)-কে মানবজাতির উপর মনোনীত করেছেন, আমি বললাম মুহাম্মাদ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর উপরও মনোনীত করেছেন কি? এরপর আমার রাগ চেপে গিয়েছিল, তাই তাকে চপেটাঘাত করেছি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা আমাকে অন্যান্য নবীর থেকে উত্তম বলো না। কারণ কিয়ামত (কিয়ামত) দিবসে সব মানুষই জ্ঞানশূন্য হয়ে পড়বে, সর্বপ্রথম আমিই জ্ঞান ফিরে পাব। তিনি বলেন, তখন আমি দেখব যে, মুসা (আঃ) আকাশের খুঁটি ধরে আছেন, আমি বুঝতে পারব না যে, তিনি কি আমার পূর্বে জ্ঞান ফিরে পেয়েছেন নাকি তুর পর্বতের জ্ঞানশূন্যতার পূরক্ষার হিসেবে তাঁকে পুনরায় জ্ঞানশূন্য করা হয়নি। [২৪১২] (আধুনিক প্রকাশনীঃ ৪২৭৭, ইসলামিক ফাউন্ডেশনঃ ৪২৮০)

English

Narrated Abu Sa`id Al-Khudri:

A man from the Jews, having been slapped on his face, came to the Prophet ﷺ and said, "O Muhammad! A man from your companions from the Ansar has slapped me on my face!" The Prophet ﷺ said, "Call him." When they called him, the Prophet ﷺ said, "Why did you slap him?" He said, "O Allah's Messenger ﷺ! While I was passing by the Jews, I heard him saying, 'By Him Who selected Moses above the human beings,' I said, 'Even above Muhammad?' I became furious and slapped him on the face." The Prophet ﷺ said, "Do not give me superiority over the other prophets, for on the Day of Resurrection the people will become unconscious and I will be the first to regain consciousness. Then I will see Moses holding one of the legs of the Throne. I will not know whether he has come to his senses before me or that the shock he had received at the Mountain, (during his worldly life) was sufficient for him."

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিগুলি সম্পূর্ণ পুঁজিগুলি সম্পূর্ণ

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু সাইদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=29128>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন